

MAY 11 2002

ভোরেস কাগজ

তারিখ ... ..  
পৃষ্ঠা ৯ ... ..

### হকলীপাড়া একরামিয়া মাদ্রাসায় মারাত্মক অনিয়ম ও দুর্নীতি

নীলফামারি জেলার সৈয়দপুর উপজেলার কাশিরাম-বেলপুকুর ইউনিয়নে হকলীপাড়া দাখিল মাদ্রাসাটি বর্তমানে নানাবিধ অনিয়ম ও দুর্নীতির স্বর্গরাজ্যে পরিণত হয়েছে। মাদ্রাসাটি নামে মাত্র তার অস্তিত্ব টিকিয়ে রেখেছে। এ মাদ্রাসায় কোনো শিক্ষার্থী নেই, আসবাবপত্র নেই, কোনো কমিটি নেই— তবু এটি নাকি একটি দাখিল মাদ্রাসা।

লোকমুখে শোনা যায়, এই মাদ্রাসার সুপার মাদ্রাসা বোর্ডের একজন উচ্চপদস্থ কর্মকর্তার জামাতা। আর এই সুবাদে তিনি মাদ্রাসার কার্যক্রম কোনো কিছু বাস্তবায়ন না করে কাগজপত্র সব ঠিক রেখে চলেছেন। আশ্চর্যের বিষয়— মাদ্রাসার শিক্ষকের তালিকায় উক্ত সুপার তার স্ত্রীকেও রেখেছেন। মাদ্রাসার কোনো কাজ না করেও বাড়িতে বসে খাতা-পত্র ঠিক রেখে বেশ বহুদিন ধরে সরকারি অর্থ আত্মসাতসহ বিভিন্ন অনিয়ম করে যাচ্ছেন।

বিষয়টি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নজরে আনার বিনীত অনুরোধ জানাই।

মোঃহামদ ওয়াহেদুজ্জামান সরকার  
সৈয়দপুর, নীলফামারী।